শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

**ACADEMIC SECTION**
**BANGLADESH AGRICULTURAL UNIVERSITY**
**MYMENSINGH**

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-২/৪২/শিক্ষা

তারিখঃ ০৩-১১-২০২৫

## বোর্ড বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অনলাইনে এন্ট্রি ও তথ্য সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে স্নাতক পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ড হতে বিভিন্ন শ্রেণীতে (মেধা ও সাধারণ বৃত্তি) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে কোটায় নির্বাচিত হয়েছে কিন্তু যথাসময়ে অনলাইনে আবেদন করতে পারেনি। তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে আগামী ০৯-১১-২০২৫ তারিখের মধ্যে শিক্ষা বিষয়ক শাখার ওয়েবসাইট (**https://aca.bau.edu.bd**) এ **Scholarship........Application From ........ Apply Now** বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র **Single PDF file** আকারে আপলোড করতে হবেঃ

১. সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীদের নাম রয়েছে সেই পাতায় শিক্ষার্থীর নাম চিহ্নিত করে)।
২. কলেজের প্রত্যয়নপত্রের কপি।

পূর্বে আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা এখনও বোর্ড বৃত্তির টাকা পায়নি তাদেরকে আগামী ০৯-১১-২০২৫ তারিখের মধ্যে শিক্ষা বিষয়ক শাখায় স্ব-শরীরে উপস্থিত হয়ে পূর্বে প্রদানকৃত তথ্য সংশোধন/ আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

<u>নির্দেশনাবলীঃ</u>

১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে এবং অনলাইন ব্যাংক হিসাব নম্বর ১৩/১৭ ডিজিটের মধ্যে হতে হবে, হিসাবটি সচল (Active) থাকতে হবে। শিক্ষার্থীদের নিজস্ব ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/ অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।

২. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।

৩. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারন) সঠিকভাবে পূরণ করতে হবে।

স্বাঃ/-
এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)

মেমো নং শা-২/৪২/(২৩)/শিক্ষা

তারিখঃ ০৩-১১-২০২৫

সদয় অবগতি ও প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো ঃ

১. ডিন,..............................................................অনুষদ।
২. প্রভোস্ট,..............................................................হল।
৩. পরিচালক, আইসিটি সেল, বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪. ওএসডি, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক শাখা ময়মনসিংহ

০৩.১১.২০২৫
এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)